

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) প্রকল্প, ফেইজ - ২
সমাজসেবা অধিদফতর (৮ম তলা)
ই- ৮ /বি-১, আগারগাঁও, ঢাকা ।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২২.১১.০০৭.২০২০.১৪৬

তারিখ: ০২ জুলাই, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর এর মাধ্যমে ইউনিসেফ বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত সিএসপিবি প্রকল্পে কোভিড ১৯ সৃষ্ট পরিস্থিতিতে শিশুদের নানা জরুরী সেবা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাদির আলোকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম ও বেতন	পদ সংখ্যা ও মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব ও কর্তব্য
সমাজকর্মী মাসিক বেতন ২৩,১০০/= (সাকুল্য)	১২৭ টি (নিয়োগের তারিখ হতে পরবর্তী ৬ মাস)	ক) সমাজকর্ম/সমাজকল্যাণ/সমাজবিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিষয়/ বি.বি.এ/এমবিএ/এল.এল.বি / এলএলএম বিষয়ে স্নাতক /স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন । খ) শিশু সুরক্ষা ও উন্নয়ন কাজে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হতে পারে ; গ) আন্তর্জাতিক শিশু অধিকার সনদ , শিশু আইন ও কমিউনিটি ভিত্তিক শিশু সুরক্ষা বিষয়ে সম্যক ধারণা ; ঘ) বাংলা ও ইংরেজি যোগাযোগে (লিখিত ও মৌখিক) দক্ষতা ; ঙ) মাইক্রোসফট অফিস ব্যবহারে যোগ্যতা ও দক্ষতা এবং চ) দলগত ভাবে ও যে কোন পরিস্থিতিতে দেশের যেকোন অঞ্চলে কাজের মানসিকতা ।	<ul style="list-style-type: none"> শিশু আইন ২০১৩ অনুসারে যে সকল ঝুঁকিগ্রস্ত এবং সুবিধাবঞ্চিত শিশুদের বিশেষ যত্ন ও সুরক্ষা প্রয়োজন , তাদের সনাক্তকরণ; কোভিড ১৯ প্রতিরোধ ও প্রতিকার বিষয়ে শিশু ও তাদের পরিবারের সচেতনতা সৃষ্টি করা; কেস ম্যানেজম্যান্ট এর মাধ্যমে সনাক্তকৃত শিশুদের সুরক্ষা নিশ্চিতকরণে ঝুঁকি নিরূপণ, পূর্ণাঙ্গ চাহিদা যাচাই , হস্তক্ষেপ পরিকল্পনা এবং ফলোআপ করা ; আইনের সংস্পর্শে আসা / সংঘাতে জড়িত শিশুদের প্রেফতার বা আটকের পরিবর্তে বিকল্প পন্থা গ্রহণে সংশ্লিষ্ট কর্মকর্তা, শিশু সুরক্ষা কমিটির সদস্যদের প্রয়োজনীয় সহায়তা প্রদান ; শিশুকল্যাণ বোর্ডের সহযোগে কেস কনফারেন্স , রেফারেল পদ্ধতি উন্নয়নে সংশ্লিষ্টদের সহায়তা দান ; বিদ্যমান নানা সামাজিক সুরক্ষা সেবা ও সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করিয়ে দেওয়া ও সেবা প্রাপ্তিতে সহায়তা করা ; সমাজসেবা অধিদফতরের নানা প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুদের বিকাশে চলমান বিভিন্ন কার্যক্রমের সাথে যুক্ত করা এবং শিশুদের মনো-সামাজিক সেবা প্রদান করা ; সমাজসেবা অধিদফতরের নানা প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুদের পরিবার খুঁজে তাদের পরিবারে পুনঃএকত্রীকরণ / পুনঃসংযুক্তকরণে শিশু ও তার পরিবারকে প্রস্তুতকরণ ; শিশু সুরক্ষা কাজ টেকসই করণে রিসোর্স ডিরেক্টরি প্রস্তুত করা ; চাইল্ড হেল্প লাইন -১০৯৮ আরো শিশু বান্ধব করতে এর প্রচার করা এবং মোবাইল টিমকে সহায়তা প্রদান করা ; কাজের তথ্য উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ এবং চাহিদা মাসিক প্রতিবেদন প্রস্তুত পূর্বক প্রকল্প অফিস ও ইউনিসেফ বরাবর প্রেরণ ; জাতীয় প্রকল্প পরিচালক ও উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন ।

শর্তাবলীঃ

- ১) অগ্রাহী ও যোগ্য প্রার্থীগণ ক) প্রার্থীর নাম; খ) পিতা /স্বামীর নাম; গ) মাতার নাম; ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা; ঙ) জাতীয়তা; চ) শিক্ষাগত যোগ্যতা; ছ) পেশাগত প্রাসঙ্গিক প্রশিক্ষণ বিবরণ; জ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার বিবরণ; এবং ঝ) যোগাযোগের মাধ্যম : টেলিফোন, মোবাইল এবং ই-মেইল আইডি উল্লেখ করে আগামী ২২জুলাই, ২০২০ তারিখের মধ্যে আবেদন hrmcsqb2020@gmail.com তে প্রেরণ করবেন ।
- ২) নিয়োগের জন্য সাধারণ প্রার্থীদের বয়স ৩০ জুন, ২০২০ পর্যন্ত সর্বোচ্চ ৩০ বছর এবং অভিজ্ঞদেও ক্ষেত্রে ৪৫ বছর । তবে বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয় ।
- ৩) প্রকল্পভুক্ত(বান্দরবান, কক্সবাজার, রাঙামাটি, খাগড়াছড়ি, ভোলা, বরগুনা, পটুয়াখালী, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, শেরপুর, নেত্রকোনা, জামালপুর, কুষ্টিয়া, বাগেরহাট, সাতক্ষিরা, খুলনা, চাপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, নীলফামারী, হুড়িগ্রাম, গাইবান্ধা ও লালমনিরহাট) জেলার স্থায়ী বাসিন্দাগণ অর্থাধিকার পাবেন । সেক্ষেত্রে আবেদনকারী স্থায়ী-বাসিন্দা সনদপত্রের সত্যায়িত ফটোকপি যুক্ত করতে হবে ।
- ৪) আবেদন পত্রের সাথে ক) সদ্য তোলা দুই কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি; খ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্র; এবং গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি স্ক্যান করে পাঠাতে হবে ।
- ৫) শুধু প্রাথমিক ভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় আমন্ত্রণ জানানো হবে (যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে) ।
- ৬) পরীক্ষা /যাচাই-বাছাই পদ্ধতি নিয়োগ কমিটি নির্ধারণ করবেন ।
- ৭) ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে ।
- ৮) কর্তৃপক্ষ নিয়োগ বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন ।

০২/০৭/২০২০
ডা. আশরাফী আহমদ
(যুগ্মসচিব)
জাতীয় প্রকল্প পরিচালক, সিএসপিবি প্রকল্প, ফেইজ-২
সমাজসেবা অধিদফতর ।